

### জগন্নাথ হলে বহিরাগত গুলিবিদ্ধ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে বুধসপ্তাহের শামসুজ্জামান নামে এক বহিরাগত গুলিবিদ্ধ হয়েছে। নিজ কাটা রাইফেলের গুলিতে দুর্ঘটনাবশত সে গুলিবিদ্ধ হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

জানা গেছে, দুপুরে হলের দক্ষিণ বাড়ি ভবনের ২২৪ নম্বর কক্ষে আহাদ ও শামসুজ্জামান নামে দুই বহিরাগত অবৈধ অস্ত্র নিয়ে নাড়াচাড়া করার সময় শামসুজ্জামানের বুকে গুলিবিদ্ধ হয়। পরে আহাদ তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করিয়ে পাঠিয়ে যায়।

মেডিক্যাল কলেজে শামসুজ্জামান নিজেই সাইদুর রহমান খান (২৮) বলে পরিচয় দেয়। সে বুধবার সন্ধ্যায় হলে আসে। এরা উভয়েই ছাত্রদের দখলকৃত রুমে অবস্থান করতেন। আহাদ লালবাগ এলাকার চিহ্নিত সন্ত্রাসী। এছাড়া হলে কামাল, কাকদসহ বেশ কয়েকজন বহিরাগত ক্যাডার অবস্থান করছে।